বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

২৯ আষাঢ় ১৪৩০
এফই সার্কুলার পত্র নম্বর ০৬ তারিখ: ----------
১৩ জুলাই ২০২৩

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ০৩, তারিখ ফেব্রুয়ারি ০৮, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। আলোচ্য সার্কুলারের সাথে সংযোজিত **ফরম-'ক'** অনুযায়ী সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Services) ও হার্ডওয়্যার রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ভর্তুকির আবেদন দাখিল করতে হয়। আবেদন ফরমে প্রযোজ্য তথ্যের সাথে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর উল্লেখ করার নির্দেশনা রয়েছে। আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক দপ্তরের ১৭ জানুয়ারি ২০২৩ তারিখের ২৬.০৩.০০০০.০০৪.২২.০০৪.২১.৪৬ নম্বর বিজ্ঞপ্তির (কপি সংযুক্ত) সূত্রে জানানো যাচ্ছে যে, অদৃশ্যাকারে (Non-Physical Form) সফটওয়্যার ও আইটিইএস রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ভর্তুকির আবেদন ফরমে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইআরসি) নম্বর উল্লেখ করার বিষয়টি প্রযোজ্য হবে না ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর

শাখা-৪

জাতীয় ক্রীড়া পরিষদ ভবন,লেবেল-১৫,৬২/৩,পুরানা

পল্টন,ঢাকা-১০০০।

নম্বর ২৬.০৩.০০০০.০০৪.২২.০০৪.২১.৪৬

তারিখ: ৩ মাঘ ১৪২৯

১৭ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: **Non-Physical Form (Software ও ITES) এর সেবা রপ্তানির ক্ষেত্রে Export Registration Certificate (ERC) এর প্রয়োজনীতা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের ২৮ নভেম্বর ২০২২ তারিখের ২৬.০০.০০০০.১০১.০৮.০১৯.২০.১২৯ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে জানানো যাচ্ছে যে, Non-Physical Form (Software ও ITES) এর সেবা রপ্তানির ক্ষেত্রে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হতে Export Registration Certificate (ERC) গ্রহণের প্রয়োজন নেই।

০২। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে এ নির্দেশনা প্রদান করা হলো।



১৭-১-২০২৩
মোঃ সিরাজুল ইসলাম
সহকারী নিয়ন্ত্রক
ফোন: ০২-৪১০৫০৫৩৬
ফ্যাক্স: 02-9550217
ইমেইল: ac3.ho@ccie.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।

২) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ

৩) অতিরিক্ত সচিব, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়

৪) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়

৫) সভাপতি, ই-ক্যাব, হাউজ নং-২৯(এম-এ), রোড-০৬, ধানমন্ডি, ঢাকা-১২১৫।

৬) সভাপতি, বেসিস (BASIS), ৬ষ্ঠ তলা, বিডিবিএল ভবন, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

৭) সভাপতি, BACCO, হাউজ নং-৩৯ (৩য় তলা), রোড নং-১৩/১৫, ব্লক-ড, বনানী বাজার, ঢাকা-১২১৫।

৮) নির্বাহী কর্মকর্তা-২, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।

৯) ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

১০) অফিস কপি।